The Daily Star
07 AUG 2025

# US reciprocal tariff taking effect tonight

JAGARAN CHAKMA *and* DWAIPAYAN BARUA

The new 20 percent reciprocal tariff by the United States on Bangladeshi exports to the American market will come into effect tonight, which may open up opportunities for the country's apparel sector as it adapts to evolving global trade dynamics.

This duty will raise the total tariff on Bangladeshi garments, the main item in the country's export basket, to 35.5 percent.

While it may affect competitiveness, industry leaders see it as a chance to reaffirm their manufacturing might amid higher rates imposed on market peers.

In the fiscal year (FY) 2024-25, Bangladesh's garment exports to the US rose to $7.54 billion, marking 14 percent year-on-year growth. The US remains the country's largest single-nation export destination for ready-made garments (RMG).

The new tariff will apply to all consignments shipped from Chattogram port after August 7, starting at 12:01 am tonight, according to the White House executive order issued on July 31.

Shipments dispatched earlier will remain exempt.

"When the Trump administration imposed a 35 percent tariff in April, Western buyers tried to reduce prices by 5 to 10 percent. But after the US president revised it down to 20 percent, no serious bargaining has taken place yet," said Mohammad Hatem, executive president of the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA).

He said that it usually takes 28 to 35 days for shipments to reach US ports, meaning consignments leaving Chattogram port after midnight tonight will fall under the new duty structure.

Meanwhile, Finance Adviser Salehuddin Ahmed told journalists yesterday that while the 20 percent tariff is not ideal, it is still better than the initial 35 percent.

He added that Bangladesh remains competitive, especially in knitwear, where over 80 percent of backward linkage offers a strong advantage. "Our reputation with timely payments and ethical business has built goodwill abroad," said the adviser.

However, he pointed out that no formal agreement has yet been signed regarding reciprocal tariff adjustments.

AK Azad, chairman and managing director of Ha-Meem Group, one of the largest apparel exporters to the US, said some last-minute negotiations have taken place with buyers, who are now trying to reduce their offers in that room. "Our margins are already razor-thin, and absorbing further cost increases is not feasible."

"With mounting cost pressures and extremely tight profit margins, the scope to absorb any new tariff burden is very limited," he said. "In such a scenario, asking suppliers to adjust prices downward is neither sustainable nor fair."

Although the new duty takes effect from tomorrow and goods shipped before then will face lower rates, exporters said there had been no last-minute rush at Chattogram port.

Syed Tanvir, managing director of Pacific Jeans, said there was no visible scramble to meet the tariff deadline.

"Port congestion remains normal. Exporters are not scrambling to push shipments ahead of the cut-off," he said.

Tanvir said that most exporters are taking a measured approach this time, opting to absorb the change rather than react in haste. "Given the long shipping cycle and buyers' negotiation patterns, many have already adjusted their planning to factor in the tariff."

The new tariff will apply to all consignments shipped from Chattogram port after August 7, starting at 12:01 am tonight, according to the White House executive order issued on July 31.

Shipments dispatched earlier will remain exempt.

"When the Trump administration imposed a 35 percent tariff in April, Western buyers tried to reduce prices by 5 to 10 percent. But after the US president revised it down to 20 percent, no serious bargaining has taken place yet," said Mohammad Hatem, executive president of the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA).

He said that it usually takes 28 to 35 days for shipments to reach US ports, meaning consignments leaving Chattogram port after midnight tonight will fall under the new duty structure.

Meanwhile, Finance Adviser Salehuddin Ahmed told journalists yesterday that while the 20 percent tariff is not ideal, it is still better than the initial 35 percent.

He added that Bangladesh remains competitive, especially in knitwear, where over 80 percent of backward linkage offers a strong advantage. "Our reputation with timely payments and ethical business has built goodwill abroad," said the adviser.

However, he pointed out that no formal agreement has yet been signed regarding reciprocal tariff adjustments.

AK Azad, chairman and managing director of Ha-Meem Group, one of the largest apparel exporters to the US, said some last-minute negotiations have taken place with buyers, who are now trying to reduce their offers in response to the new tariff.

"Everyone is under pressure. As the tariff has gone up by 20 percent, buyers are asking us to share it," Azad told The Daily Star.

"They are suggesting that the burden should be shared, partly by us and partly by them. But we simply cannot."

The exporter said they don't have that room. "Our margins are already razor-thin, and absorbing further cost increases is not feasible."

"With mounting cost pressures and extremely tight profit margins, the scope to absorb any new tariff burden is very limited," he said. "In such a scenario, asking suppliers to adjust prices downward is neither sustainable nor fair."

Although the new duty takes effect from tomorrow and goods shipped before then will face lower rates, exporters said there had been no last-minute rush at Chattogram port.

Syed Tanvir, managing director of Pacific Jeans, said there was no visible scramble to meet the tariff deadline.

"Port congestion remains normal. Exporters are not scrambling to push shipments ahead of the cut-off," he said.

Tanvir said that most exporters are taking a measured approach this time, opting to absorb the change rather than react in haste. "Given the long shipping cycle and buyers' negotiation patterns, many have already adjusted their planning to factor in the tariff."

Rakibul Alam Chowdhury, director of the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), said many US buyers rushed shipments before July 31 to avoid the new duty, which caused a surge in exports through Chattogram port.

Now, some buyers are proposing to share the additional cost for new orders, he added.

The Daily Star

07 AUG 2025

# S Korean company to invest $8m in Mongla EPZ

STAR BUSINESS REPORT

OCF Co. Ltd, a South Korean company, is set to invest $8 million in the Mongla Export Processing Zone (Mongla EPZ) to establish a manufacturing industry for tents, tent accessories, camping furniture, furniture accessories, and bags.

The company plans to produce tents, tent and furniture accessories, camping chairs and tables, aluminum and carbon products, ski and trekking poles, mountain and walking sticks, bed cots, stands, pet furniture, arrows, and all types of bags, creating employment opportunities for 820 Bangladeshi nationals.

Md Ashraful Kabir, member for investment promotion at Bepza, and Hyun Gil Kim, chairman of OCF Co. Ltd, signed an agreement in this regard at the Bepza Complex in Dhaka yesterday. At the event, Maj Gen Abul Kalam Mohammad Ziaur Rahman, executive chairman of Bepza, said Bepza always encourages investment in the production of diversified products.

As this is the company's second project under Bepza, he thanked OCF Co. Ltd. for their continued trust in Bepza and requested them to act as an ambassador for bringing more South Korean investment to Bangladesh, especially in the EPZs. He also highlighted Bepza's commitment to providing a secure and supportive environment for investors.

Kim thanked Bepza for its support and expressed hope that the company would be able to start production by next year.

বাণিজ্য তথ্য কেন্দ্র
........
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

The Financial Express
07 AUG 2025

# RMG export to US records a robust growth in H1 of 2025

MONIRA MUNNI

Bangladesh's apparel export to the United States, its single-largest market, recorded a robust 25.13-percent growth in the first half of this year.

- Growth surpasses global average of 6.76 per cent
- Vietnam emerges top exporter leaving China behind

According to US official count, the exports grew both in terms of value and volume in the six months of 2025.

Readymade garment exports from Bangladesh during the January-June period singly fetched US$4.25 billion, marking the 25.13-percent growth, according to the data released Tuesday by OTEXA, an affiliate of the US Department of Commerce.

Bangladesh earned US$ 3.39 billion in the same period of 2024.

The growth rate also surpassed the global average of 6.76 per cent, placing Bangladesh ahead of main competitors, though Vietnam became top exporter pushing China behind.

During the period, Bangladesh shipped 1.37 billion square meters of garments--23.81-percent higher than 1.11 billion square meters sent in the corresponding period of 2024.

America's overall apparel imports during January-June 2025 stood at US$38.15 billion, up from $35.74 billion in the corresponding period of last year.

The rise reflects improved consumer demand and the ongoing recalibration of supply chains, particularly in response to trade and tariff shifts involving China.

Vietnam, which overtook China in the first half of 2025 to become leading apparel exporter to the US, shipped RMG items worth US$7.76 billion, accounting for about 18-percent growth.

China dropped in the second position with US$5.72 billion worth of apparel shipments with a 16.14-percent year-on-year negative growth, highlighting the effects of renewed tariff barriers and ongoing geopolitical tensions.

Talking to the FE, Shovon Islam, managing director of Sparrow Group, one of the leading exporters to the USA, said America is the largest market that has huge growth potential for Bangladesh.

And that's why the reciprocal tariff is important and they pressed for a more competitive tariff rate from the US than other major producers, he said.

"As Bangladesh faces additional 20-percent tariff--compared to Vietnam's as much, 20 per cent, and India's 25 per cent--its competitive standing has improved," he said. "If the duty had been higher, the situation could be disastrous," he noted.

Though some orders were put on hold while some other shipments deferred initially, there were some advance shipments to meet the July-31st deadline and avoid possible enhanced tariffs by the Trump administration, he explains the situation on the cusp of shifts in trade dynamics.

On July 7, US President Donald Trump officially notified Bangladesh of a flat 35-per cent tariff to be imposed on all Bangladeshi exports which on August 01 was reduced to 20 per cent, following tradeoffs.

However, there was a clause that if the exporters could ship their products to the inland container depot by July 31, they would be charged tariff at the old rate, which sent exporters in scrambles to dispatch the products as early as possible.

Mr Islam says the shifted orders from China are coming to countries including Bangladesh though Vietnam grabbed the larger share.

Responding to a question, he said, "Bangladesh has much potential to grab the Chinese orders provided there be requisite government policy supports like monetary assistance, including long-term policy, smooth energy supply, measures to reduce long lead time by easing customs procedures, increasing port efficiency."

On industry part, they will make investment in research and development, innovation, automation, skills development and enhance focus on manmade fibre (MMF)-based garment production.

He mentions that Vietnam is not increasing its garment production capacity while India that has come up with long-term strategic plans to increase garment exports now announced special subsidy for export-oriented sector.

India's apparel exports rose by 16.26 per cent to US$2.83 billion during the January-to-June period.

Indonesia recorded an 18-percent increase in apparel shipments to US$2.25 billion, continuing its steady growth as a supplier to the US market.

period of last year.
The rise reflects improved consumer demand and the ongoing recalibration of supply chains, particularly in response to trade and tariff shifts involving China.
Vietnam, which overtook China in the first half of 2025 to become leading apparel exporter to the US, shipped RMG items worth US$7.76 billion, accounting for about 18-percent growth.
China dropped in the second

competitive standing has improved," he said. "If the duty had been higher, the situation could be disastrous," he noted.

Though some orders were put on hold while some other shipments deferred initially, there were some advance shipments to meet the July-31st deadline and avoid possible enhanced tariffs by the Trump administration, he explains the situation on the cusp of shifts in trade dynamics.
On July 7, US President Donald Trump officially notified Bangladesh of a flat 35-per cent tariff to be imposed on all Bangladeshi exports which on August 01 was reduced to 20 per cent, following tradeoffs.
However, there was a clause that if the exporters could ship their products to the inland container depot by July 31, they would be charged tariff at the old rate, which sent exporters in scrambles to dispatch the products as early as possible.
Mr Islam says the shifted orders from China are coming to countries including Bangladesh though Vietnam grabbed the larger share.
Responding to a question, he said, "Bangladesh has much potential to grab the Chinese orders provided there be requisite government policy supports like monetary assistance, including long-term policy, smooth energy supply, measures to reduce long lead time by easing customs procedures, increasing port efficiency."
On industry part, they will make investment in research and development, innovation, automation, skills development and enhance focus on manmade fibre (MMF)-based garment production.
He mentions that Vietnam is not increasing its garment production capacity while India that has come up with long-term strategic plans to increase garment exports now announced special subsidy for export-oriented sector.
India's apparel exports rose by 16.26 per cent to US$2.83 billion during the January-to-June period.
Indonesia recorded an 18-percent increase in apparel shipments to US$2.25 billion, continuing its steady growth as a supplier to the US market.
Cambodia witnessed 24.29-percent rise in exports, reaching US$1.98 billion, during the period under consideration.
Pakistan also recorded a growth of 11.22 per cent to bag US $1.10 billion from the US market.

*Munni_fe@yahoo.com*

The Financial Express

# US Reciprocal Tariffs: Possible Export

**If ASEAN negotiates collectively with US, it will have a better chance of secu a more favourable trade terms tha through bilateral deals**

opine
Rajan Sudesh Ratna and Jing Huang

Over the years, Association of Southeast Asian Nations (ASEAN) has evolved into an important regional block that plays a crucial role in fostering economic growth and stability in Southeast Asia. The reciprocal duties imposed by the United States of America (US) will reduce exports of ASEAN to the US and thus they may see negative growth in their global exports. This piece studies how ASEAN can either diversify into new markets or deepen ties with existing ones to offset export losses to the US.

US'S RECIPROCAL TARIFF ON ASEAN: President Donald Trump imposed reciprocal tariffs on various goods from multiple countries, including ASEAN members and China as part of a broader strategy aimed at addressing trade imbalances. The US tariffs imposed on ASEAN countries in early April initially and later through separate letters are as follows:

- Cambodia: 49 per cent, revised to 36 per cent; effective August 1, 2025
- Laos: 48 per cent, revised to 40 per cent; effective August 1, 2025
- Vietnam: 46 per cent, revised to 20 per cent due to bilateral agreement
- Myanmar: 44 per cent, revised to 40 per cent; effective August 1, 2025
- Thailand: 36 per cent, continues; effective August 1, 2025
- Indonesia: 32 per cent, revised to 19 per cent due to bilateral agreement
- Malaysia: 24 per cent, revised to 25 per cent; effective August 1, 2025
- Brunei: 24 per cent, revised to 25 per cent; effective August 1, 2025
- Philippines: 17 per cent, revised to 20 per cent; effective August 1, 2025
- Singapore: 10 per cent (baseline).

To understand how the current US 10 per cent tariff could impact ASEAN economies, a simulation was conducted by using a partial equilibrium trade tool, named the SMART model through the World Integrated Trade Solution (WITS) platform.

The table shows that China is the most affected economy, with a projected export loss of USD 53.36 billion. The higher tariffs will reduce China's competitiveness and prompt global buyers to seek alternative suppliers, both reducing demand and redirecting trade flows. In contrast, all ASEAN countries appear to benefit from this shift, gaining market share as trade is diverted away from China. All ASEAN member countries gain purely through trade diversion rather than trade creation, indicating that while overall demand remains unchanged, supply sources are shifting. ASEAN's ability to absorb trade diverted from China demonstrates the importance of flexible supply chains and open trade policies.

Since ASEAN heavily relies on importing from China including the supply chains linked to Chinese manufacturing, their exports may face challenges due to increased costs associated with tariffs especially if their exports are levied duties for China. In response to these pressures, ASEAN must explore alternate markets beyond China.

THE WAY FORWARD: ASEAN can adopt a multipronged approach to respond to US tariffs. These include:

*Increasing intra-ASEAN trade.* Strengthening intra-regional trade through harmonisation of regulations and reduction of tariffs among member States will create a more robust internal market within ASEAN itself and prevent them from the external shock emanating from US' additional tariff. ASEAN should also liberalise more in services under their trade in services agreement.

*Utilising collective bargaining power.* A collective approach could enhance bargaining power in negotiations with external partners and promote intra-regional trade to reduce reliance on the US market. If ASEAN negotiates collectively with the US, it will have a better chance of securing a more favourable trade terms than through bilateral deals.

*Integrating with China.* Given that both the US and China have imposed higher tariffs on each other (even with a 30 per cent duty on China after 90 days), this could be an opportunity to tap Chinese markets on sectors that will see the US being displaced from Chinese markets (most of ASEAN exports to China are under FTAs and duty-free, whereas China will charge additional 10 per cent duty to US exports). ASEAN can capitalize on the shifting trade dynamics by promoting bilateral and regional economic partnerships with China.

*Market diversification.* ASEAN should focus on countries with which it has FTAs and developed targeted strategies to increase export share in their markets. These include New Zealand, Australia, India, Republic of Korea, Japan, the EU, MERCOSUR and Central Asia. To further diversify markets, ASEAN should actively pursue new FTAs with emerging economies ou traditional partners like the E or Latin America.

*Focusing on the services trade.* should expand its services tra negotiating additional comm with dialogue partners (Austr China, India, Japan, New Zeal Republic of Korea) as this can markets for its service provid also enhancing competitiven ASEAN can diversify its servic by harmonizing regulatory fr across member states.

*Adopting digital policies for strengthening regional supply* strengthen ASEAN's resilienc the US reciprocal tariffs, ASEA enhance regional supply chai autonomy by investing in ASE based production networks a industrial clusters to reduce dependency on China and the increase value-added manufa within the region.

END NOTE: With the US recipr tariffs imposed across the boa almost all countries with high on China, some of the supply linkages of ASEAN members a to be disrupted. ASEAN will als decline in exports to US, despi countries like Indonesia and V having a bilateral trade agreer

07 AUG 2025

# ...ssible Export Strategies for ASEAN

***...AN negotiates collectively with the ...will have a better chance of securing ...ore favourable trade terms than through bilateral deals***

*opine*

***...jan Sudesh Ratna and Jing Huang***

*...e bargaining power.* A ...ach could enhance ...er in negotiations with ...s and promote intra- ...reduce reliance on the ...EAN negotiates ...the US, it will have a ...securing a more ...e terms than through

*...China.* Given that both ...a have imposed higher ...ther (even with a 30 per ...ina after 90 days), this ...ortunity to tap Chinese ...ors that will see the US ...from Chinese markets ...exports to China are ...duty-free, whereas ...e additional 10 per cent ...rts). ASEAN can ...e shifting trade ...omoting bilateral and ...nic partnerships with

*...cation.* ASEAN should ...ies with which it has ...oped targeted strategies ...rt share in their ...include New Zealand, ..., Republic of Korea, ...MERCOSUR and Central ...r diversify markets, ...ctively pursue new FTAs with emerging economies outside traditional partners like the EU, Africa or Latin America.

*Focusing on the services trade.* ASEAN should expand its services trade by negotiating additional commitments with dialogue partners (Australia, China, India, Japan, New Zealand and Republic of Korea) as this can open new markets for its service providers while also enhancing competitiveness. ASEAN can diversify its service markets by harmonizing regulatory frameworks across member states.

*Adopting digital policies for strengthening regional supply chains.* To strengthen ASEAN's resilience against the US reciprocal tariffs, ASEAN should enhance regional supply chain autonomy by investing in ASEAN-based production networks and industrial clusters to reduce dependency on China and the US, and increase value-added manufacturing within the region.

END NOTE: With the US reciprocal tariffs imposed across the board to almost all countries with higher duties on China, some of the supply chain linkages of ASEAN members are likely to be disrupted. ASEAN will also see decline in exports to US, despite countries like Indonesia and Viet Nam having a bilateral trade agreement.

**Table: SMART Simulation of Trade Impact from 10% U.S. Tariff Increase** (in USD millions)

| Country | Change in Export | Trade Diversion Effect | Trade Creation Effect |
|---|---|---|---|
| China | -53356.18 | -20217.64 | -33138.54 |
| Brunei | 2.84 | 2.84 | 0 |
| Cambodia | 25.48 | 25.48 | 0 |
| Indonesia | 340 | 340 | 0 |
| Lao PDR | 7.72 | 7.72 | 0 |
| Malaysia | 741.01 | 741.01 | 0 |
| Myanmar | 3.77 | 3.77 | 0 |
| Philippines | 222.84 | 222.84 | 0 |
| Singapore | 309.44 | 309.44 | 0 |
| Thailand | 968.24 | 968.24 | 0 |
| Vietnam | 2868.74 | 2868.74 | 0 |

*Source: ESCAP calculation based on WITS SMART, accessed in July 2025*

Though the legality of US reciprocal duties is being questioned, the decision may take some time. ASEAN must formulate an alternate export strategy. In this regard, looking at other important markets, focusing on services trade by including in its FTAs, entering into FTAs with other major trading partners and discussing how to enhance intra-ASEAN trade are some of the options.

***The piece is excerpted from www.unescap.org/blog***

The Financial Express

07 AUG 2025

# South Korean co to invest $ 8.06m in Mongla EPZ

South Korean company OCF Co. Limited is set to invest US$8.06 million in Mongla Export Processing Zone (Mongla EPZ), reports UNB.

The company will establish a tent manufacturing, tent accessories, camping furniture, furniture accessories, and bag industry. The Bangladesh Export Processing Zones Authority (BEPZA) signed an agreement with the company in this regard at the BEPZA Complex in Dhaka on Wednesday.

Md Ashraful Kabir, Member (Investment Promotion) of BEPZA, and Hyun Gil Kim, Chairman of OCF Co Ltd, signed the agreement on behalf of their respective organisations. BEPZA Executive Chairman Major General Abul Kalam Mohammad Ziaur Rahman, witnessed the signing ceremony.

The company plans to produce tents, tent furniture accessories, camping chairs & tables, aluminum, carbon, ski & trekking poles, mountain & walking sticks, bed cots, stands, pet furniture, arrow, and all types of bags that will create employment opportunities for 820 Bangladeshi nationals.

The Business Standard

07 AUG 2025

# South Korean company OCF to set up $8.06m tent, camping gear factory in Mongla EPZ

INVESTMENT - BANGLADESH

**TBS REPORT**

South Korean company OCF Co Ltd is set to invest $8.06 million in Mongla Export Processing Zone (Mongla EPZ) to establish a manufacturing facility for tents, tent accessories, camping furniture, furniture accessories, and bags.

The Bangladesh Export Processing Zones Authority (Bepza) signed an agreement with the company on 6 August at the Bepza Complex in Dhaka. The agreement was signed by Ashraful Kabir, member (Investment Promotion) of Bepza, and Hyun Gil Kim, chairman of OCF Co Ltd, on behalf of their respective organisations. Bepza Executive Chairman Abul Kalam Mohammad Ziaur Rahman witnessed the signing ceremony.

The proposed facility will produce tents, tent and furniture accessories, camping chairs and tables, aluminium and carbon products, ski and trekking poles, mountain and walking sticks, bed cots, stands, pet furniture, arrows, and various types of bags. The investment is expected to create employment opportunities for 820 Bangladeshi nationals.

During the ceremony, the Executive Chairman said that Bepza consistently encourages investment in the production of diversified goods. Noting that this is OCF Co Ltd's second project under Bepza, he thanked the company for its continued trust and urged them to act as ambassadors in attracting further South Korean investment to Bangladesh, particularly in the country's EPZs. Hyun Gil Kim expressed appreciation for Bepza's support and shared optimism that production would commence by next year.

ঢাকা


প্রথম আলো

0 7 AUG 2025

# পাল্টা শুল্ক কার্যকর, ভালো অবস্থানে বাংলাদেশ

## প্রতিযোগিতার হিসাব

পাল্টা শুল্কে বাংলাদেশের অবস্থান কোথায়, তা একটি সুতির টি-শার্ট দিয়ে দেখানোর চেষ্টা করেছে *প্রথম আলো*।



**মাসুদ মিলাদ**, *চট্টগ্রাম*

বাংলাদেশি রপ্তানি পণ্যে যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক আজ বৃহস্পতিবার কার্যকর হচ্ছে। পাল্টা শুল্কারোপের আগে বেশির ভাগ দেশের পণ্যে মোটামুটি একই হারে শুল্ক আদায় করত দেশটি। এখন দেশভেদে আলাদা হারে শুল্ক দিতে হবে। এতে যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানিতে প্রতিযোগিতার হিসাবও বদলে যাবে।

যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্কারোপের পর কোন দেশের পণ্যে শুল্ক কত দাঁড়াতে পারে, তা জানতে একটি সাধারণ সুতির টি-শার্টের শুল্কের তুলনা করা যায়। যুক্তরাষ্ট্রের কাস্টমস এত দিন একটি সুতির টি-শার্ট থেকে সাড়ে ১৬ শতাংশ হারে স্বাভাবিক শুল্ক আদায় করেছে। এই শুল্কের সঙ্গে এখন থেকে বাংলাদেশের জন্য যুক্ত হবে ২০ শতাংশ পাল্টা শুল্ক।

যুক্তরাষ্ট্রের সময় আজ বৃহস্পতিবার প্রথম প্রহরে (বাংলাদেশ সময় আজ সকাল ১০টা ১ মিনিট) পাল্টা শুল্ক কার্যকর হওয়ার কথা। এ সময়ের পর চট্টগ্রাম বন্দরের জেটিতে থাকা জাহাজে যুক্তরাষ্ট্রগামী যেসব পণ্য তোলা হবে, সেগুলোতে বসবে পাল্টা শুল্ক। চট্টগ্রাম থেকে যুক্তরাষ্ট্রের বন্দরে কনটেইনারবাহী পণ্য পৌঁছাতে ৩০ থেকে ৪৫ দিন সময় লাগে।

### একটি টি-শার্টে কত শুল্ক

পাল্টা শুল্কের হিসাব তুলনার জন্য যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক বাণিজ্য কমিশন এবং ট্যারিফ শিডিউলের তথ্য-উপাত্ত পর্যালোচনা করা হয়েছে। বাংলাদেশের সুতির একটি টি-শার্টের উদাহরণ দিয়ে শুরু করা যাক।

**প্রতিটি টি-শার্টে কোন দেশের কত শুল্ক**

| দেশ | প্রতিটির রপ্তানি মূল্য | নতুন শুল্কহার | প্রতিটিতে শুল্ক |
|---|---|---|---|
| বাংলাদেশ | ১.৬২ | ৩৬.৬% | ০.৫৯ |
| ভারত | ১.৮৯ | ৬৬.৫% | ১.২৫ |
| ভিয়েতনাম | ২.৭০ | ৩৬.৬% | ০.৯৮ |
| চীন | ১.৫৩ | ৫৪% | ০.৮২ |
| পাকিস্তান | ১.৪৬ | ৩৫.৫% | ০.৫২ |
| কম্বোডিয়া | ২.৫১ | ৩৫.৫% | ০.৮৯ |
| ইন্দোনেশিয়া | ২.৫৩ | ৩৫.৫% | ০:৯০ |

হিসাব ডলারে | সূত্র: ইউএসআইটিসি

প্রথম আলো

07 AUG 2025

গত বছর বাংলাদেশ প্রতিটি টি-শার্ট যুক্তরাষ্ট্রে রপ্তানি করেছে ১ ডলার ৬২ সেন্টে (১৯৯ টাকা প্রায়)। এই টি-শার্ট থেকে যুক্তরাষ্ট্র শুল্ক আদায় করেছে ২৭ সেন্ট (৩৩ টাকা)। এখন ২০ শতাংশ হারে পাল্টা শুল্ক হিসাবে দিতে হবে আরও বাড়তি ৩২ সেন্ট (৩৯ টাকা)। সব মিলিয়ে বাংলাদেশ থেকে একটি টি-শার্ট নিতে যুক্তরাষ্ট্রের আমদানিকারকদের গড়ে ৫৯ সেন্ট (৭২ টাকা) শুল্ক পরিশোধ করতে হবে।

যুক্তরাষ্ট্রে সুতির টি-শার্ট রপ্তানিতে বাংলাদেশের বড় প্রতিযোগী ভারত। যুক্তরাষ্ট্রে ভারতের টি-শার্টের গড় রপ্তানি মূল্য বাংলাদেশের চেয়ে বেশি। দেশটির পণ্যের ওপর প্রথম দফায় ২৫ শতাংশের পর গতকাল বুধবার আরও ২৫ শতাংশ শুল্ক আরোপ করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফলে সব মিলিয়ে ভারত থেকে একটি টি-শার্ট নিতে হলে যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীদের মোট শুল্ক দিতে হবে ১ ডলার ২৫ সেন্ট।

বাংলাদেশের আরেক প্রতিযোগী দেশ ভিয়েতনামকে যুক্তরাষ্ট্রে সুতির টি-শার্ট রপ্তানিতে বাংলাদেশের চেয়ে বেশি শুল্ক দিতে হবে। ভিয়েতনামের প্রতিটি টি-শার্টে গড়ে শুল্ক (পাল্টা শুল্কসহ) দিতে হবে ৯৮ সেন্ট।

চীন অবশ্য বাংলাদেশের চেয়ে কম দামে যুক্তরাষ্ট্রে টি-শার্ট রপ্তানি করে। এমনিতেই বাণিজ্যযুদ্ধের কারণে ২০২০ সাল থেকে যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানিতে সাড়ে ৭ শতাংশ বাড়তি শুল্ক দিয়ে আসছিল চীন। শিগগিরই দেশটির ওপর চূড়ান্ত পাল্টা শুল্কহার ঘোষণা করার কথা যুক্তরাষ্ট্রের। তবে বর্তমানে পাল্টা শুল্ক ৩০ শতাংশ ধরে নিলে চীনের প্রতিটি টি-শার্ট যুক্তরাষ্ট্রে রপ্তানিতে শুল্ক দিতে হবে ৮২ সেন্ট।

যুক্তরাষ্ট্রের বাজারে পোশাক রপ্তানিতে ভারত, ভিয়েতনাম ও চীন ছাড়া বাংলাদেশের প্রতিযোগী দেশ আছে আরও তিনটি—ইন্দোনেশিয়া, পাকিস্তান ও কম্বোডিয়া। ইন্দোনেশিয়ার প্রতিটি টি-শার্টে গড়ে শুল্ক ৯০ সেন্ট, কম্বোডিয়ার ৮৯ সেন্ট এবং পাকিস্তানের টি-শার্টে ৫২ সেন্ট শুল্ক দিতে হবে।

### ছিটকে গেছে দুই ভবিষ্যৎ 'হুমকি'

একসময় মিয়ানমারকে বাংলাদেশের পোশাক খাতের জন্য ভবিষ্যৎ হুমকি হিসেবে দেখা হতো। তবে দেশটির পণ্যে ৪০ শতাংশ পাল্টা শুল্কের কারণে যুক্তরাষ্ট্রের বাজারে প্রতিটি টি-শার্ট রপ্তানিতে তাদের দিতে হবে ১ ডলার ৮৮ সেন্ট, যা বাংলাদেশের রপ্তানি মূল্যের চেয়েও বেশি। এর ফলে রপ্তানিযুদ্ধে তারা কার্যত বাংলাদেশ থেকে অনেক দূরে চলে গেছে।

আবার আফ্রিকার দেশ ইথিওপিয়াকেও একসময় হুমকি মনে করত রপ্তানিকারকেরা। কারণ, আফ্রিকান গ্রোথ অ্যান্ড অপরচুনিটি অ্যাক্টের আওতায় শুল্কমুক্ত রপ্তানির সুবিধা ছিল তাদের। তবে বাণিজ্যসুবিধার শর্ত ভাঙায় ২০২২ সালের ২ জানুয়ারি এই চুক্তি থেকে ইথিওপিয়াকে বের করে দেয় যুক্তরাষ্ট্র। দেশটি এখন প্রতিযোগিতার মহাসাগরে পড়েছে।

### ভালো নেই দুই শীর্ষ প্রতিযোগী

যুক্তরাষ্ট্রে সুতির টি-শার্টে গত বছর শীর্ষ দুই রপ্তানিকারক হলো যথাক্রমে নিকারাগুয়া ও হন্ডুরাস। দেশ দুটি যুক্তরাষ্ট্রের সঙ্গে মুক্ত বাণিজ্যচুক্তি কাফটার আওতায় শর্ত সাপেক্ষে শূন্য শুল্কের সুবিধা পেয়ে আসছে। পাল্টা শুল্কে দিন বদলে গেছে তাদেরও। এখন নিকারাগুয়া ১৮ শতাংশ পাল্টা শুল্কের আওতায় পড়েছে। গেল মে মাসে হন্ডুরাসের টি-শার্টে গড়ে ১০ শতাংশ শুল্ক আদায় করেছে যুক্তরাষ্ট্র।

সব মিলিয়ে তুলনামূলক বিশ্লেষণে দেখা যায়, যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্কে প্রতিটি টি-শার্টে গড়ে বাংলাদেশকে শুধু পাকিস্তানের চেয়ে বেশি শুল্ক দিতে হচ্ছে। তা-ও টি-শার্টপ্রতি ৭ সেন্ট। অন্য সব প্রতিযোগী দেশগুলোকে বাংলাদেশের চেয়ে টি-শার্টপ্রতি বেশি শুল্ক দিতে হচ্ছে। শুল্কহার সমান হলেও গড় মূল্য বেশি হওয়ায় টি-শার্টপ্রতি শুল্কের পরিমাণও বেশি হয়।

### বাংলাদেশের অবস্থান কোথায়

বাংলাদেশের রপ্তানির একক বড় বাজার যুক্তরাষ্ট্র। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) হিসাবে, দেশটিতে গত অর্থবছরে ৮৭৬ কোটি ডলারের পণ্য রপ্তানি হয়েছে। এর মধ্যে তৈরি পোশাক রপ্তানি হয়েছে ৭৬০ কোটি ডলার। এত দিন বাংলাদেশের পণ্যে কার্যকর গড় শুল্কহার ছিল ১৫ শতাংশ। তৈরি পোশাকের ক্ষেত্রে গড় কার্যকর শুল্কহার ছিল ১৬ দশমিক ৭৭ শতাংশ। নতুন করে ২০ শতাংশ পাল্টা শুল্ক যুক্ত হয়ে গড় কার্যকর শুল্কহার আরও বাড়বে। তবে শুল্কহার বাড়লেও বাংলাদেশের বড় প্রতিযোগী দেশ ভিয়েতনামের সমানই রয়েছে। আবার চীন ও ভারতের চেয়ে বাংলাদেশের শুল্কহার কম। সব মিলিয়ে নতুন পাল্টা শুল্কে বাংলাদেশকে প্রতিযোগিতায় থাকা কিংবা অনেক ক্ষেত্রে এগিয়ে থাকার কথা বলছেন রপ্তানিকারকেরা।

এমন বিশ্লেষণের কথা তুলে ধরে জানতে চাইলে যুক্তরাষ্ট্রে তৈরি পোশাকের শীর্ষ পর্যায়ের রপ্তানিকারক এশিয়ান-ডাফ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুস সালাম *প্রথম আলোকে* বলেন, 'নিকারাগুয়া ও হন্ডুরাস আমাদের প্রতিযোগী নয়। আমাদের প্রতিযোগী দেশ ভিয়েতনামের তুলনায় আমরা আগের মতোই আছি। ভারত ও চীনের চেয়ে এগিয়ে আছি। পাকিস্তান, ইন্দোনেশিয়া, কম্বোডিয়ার চেয়ে ১ শতাংশ শুল্ক বেশি হলেও পিছিয়ে নেই। যুক্তরাষ্ট্রের বাণিজ্যচুক্তি থেকে বেরিয়ে যাওয়ায় ইথিওপিয়াও এখন আর হুমকি নয়। এককথায় বলা যায়, ৩৫ শতাংশ নিয়ে আমরা যে শঙ্কায় ছিলাম, তা কেটে গেছে।'

প্রথম আলো
07 AUG 2025

# সর্বোচ্চ পরিবেশবান্ধব কারখানার দেশে চামড়ায় দীনতা

**আন্তর্জাতিক এলডব্লিউসি সনদ**

**পরিবেশবান্ধব কারখানা করতে ৮-১০ কোটি টাকা লাগে, আর ইটিপিতে ব্যয় হয় ২-৫ কোটি টাকা। এ ক্ষেত্রে পোশাক খাতের তুলনায় চামড়া পিছিয়ে আছে।**

**ইয়াহইয়া নকিব,** *ঢাকা*

পোশাক খাতে বিশ্বের সবচেয়ে বেশি পরিবেশবান্ধব কারখানা এখন বাংলাদেশে। এমনকি বিশ্বে এই খাতের শ্রেষ্ঠ ২০টি পরিবেশবান্ধব কারখানার মধ্যে ১৮টিই এ দেশের। আর দেশে এই খাতে মোট পরিবেশবান্ধব কারখানার সংখ্যা ২৩০। এসব কারখানা জ্বালানি ও পানিসাশ্রয়ী। এ রকম কারখানায় দূষণের মাত্রাও কম। সফলতাও বড়। যেমন বিশ্ববাজারে বাংলাদেশ এখন দ্বিতীয় শীর্ষ তৈরি পোশাক রপ্তানিকারক দেশ, যার বড় গন্তব্য যুক্তরাষ্ট্র ও ইউরোপ। অন্যদিকে দেশের চামড়াশিল্পে ঠিক পোশাকের বিপরীত চিত্র দেখা যায়।

চামড়ার আন্তর্জাতিক বাজার ধরতে লেদার ওয়ার্কিং গ্রুপের (এলডব্লিউজি) সনদ থাকতে হয়। কিন্তু দেশে এলডব্লিউজির সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা মাত্র ৮, যা প্রতিযোগী দেশগুলোর তুলনায় অনেক কম। ফলে ইউরোপের বাজার ধরতে না পেরে চীনের কাছে খুব সস্তায় চামড়া বিক্রি করতে হচ্ছে বাংলাদেশকে। আর চামড়া পণ্য রপ্তানির জন্য নির্ভর করতে হচ্ছে আমদানি করা চামড়ার ওপর।

চামড়া ও চামড়াজাত পণ্য দেশের দ্বিতীয় শীর্ষ রপ্তানি খাত। তা সত্ত্বেও গত এক দশকে এ খাতের উল্লেখযোগ্য বিকাশ ঘটেনি। দেশের মোট বার্ষিক পোশাক রপ্তানি আয় প্রায় ৪০ বিলিয়ন (১ বিলিয়নে ১০০ কোটি) মার্কিন ডলারে পৌঁছালেও চামড়া এবং চামড়াজাত পণ্যের রপ্তানি ১ থেকে দেড় বিলিয়ন ডলারেই ঘুরপাক খাচ্ছে। এলডব্লিউজি সনদ প্রাপ্তিতে পিছিয়ে থাকায় বাংলাদেশ ইউরোপের বাজার ধরতে পারছেন না বলে জানান খাতসংশ্লিষ্ট ব্যক্তিরা।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক মো. আবু ইউসুফ *প্রথম আলোকে* বলেন, কেন্দ্রীয় বর্জ্য ব্যবস্থাপনা (সিইটিপি) সুবিধা কার্যকরের উদ্যোগ নিতে হবে। কিছু প্রতিষ্ঠানকে বর্জ্য পরিশোধন বা ইটিপির অনুমোদন দিতে হবে। সাভারের চামড়াশিল্প নগরের সিইটিপির সক্ষমতা ২৫ হাজার ঘনমিটার বলা হলেও কার্যকারিতা ১৫ হাজার ঘনমিটারের। তাই সাভার চামড়াশিল্প নগরে নতুন কয়েকটি ইটিপি স্থাপন করতে হবে।

এলডব্লিউজির তথ্য অনুযায়ী, এখন পর্যন্ত বিশ্বের বিভিন্ন দেশের আড়াই হাজারের বেশি চামড়াশিল্প প্রতিষ্ঠান এই সনদ পেয়েছে। এর মধ্যে ইতালির ৯৬০টি, ভারতের ৩০১টি, চীনের ২৭৩টি, পাকিস্তানের ৬২টি, ভিয়েতনামের ২৭টি, তাইওয়ানের ২৪টি ও থাইল্যান্ডের ২২টি প্রতিষ্ঠান এলডব্লিউজি সনদ পেয়েছে।

এলডব্লিউজি সনদ পেতে ১৭টি বিভাগে মোট ১ হাজার ৭১০ নম্বর পেতে হয়। যার মধ্যে ৩০০ নম্বর পেতে হয় বর্জ্য ব্যবস্থাপনায়। মোট নম্বরের ৫০ শতাংশ পেলেই একটি প্রতিষ্ঠানটিকে 'নিরীক্ষিত' হিসেবে বিবেচনা করা হয়।

### বাংলাদেশ কেন পিছিয়ে

২০২৩ সালের সেপ্টেম্বরে এলডব্লিউজি এক নোটিশে জানায়, সিইটিপিতে সমস্যা থাকায় সাভারের কোনো ট্যানারি অডিটের যোগ্য হিসেবে বিবেচিত হবে না। তবে কোনো ট্যানারি যদি সাভারের সিইটিপির সঙ্গে যুক্ত না থাকে, তাহলে আলাদা বিষয়। তবে তাদের অবশ্যই নিজস্ব ইটিপি থাকতে হবে। হেমায়েতপুর সিইটিপির তরল বর্জ্য পরিশোধনের সক্ষমতা দৈনিক ২৫ হাজার ঘনমিটার। তবে ট্যানারিগুলো পুরোদমে চামড়া প্রক্রিয়াজাত করলে ৪০ হাজার ঘনমিটার ছাড়িয়ে যায়। ফলে বর্জ্য ব্যবস্থাপনা নির্দিষ্ট মানের মধ্যে রাখা যায় না। সে জন্যই এলডব্লিউজি কঠোর নির্দেশনা দিয়েছে।

খাতসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, কার্যকর সিইটিপি ও এলডব্লিউজি সনদ ছাড়া এ শিল্পের টিকে থাকা সম্ভব নয়। যেমন সনদটি না থাকায় 'সদর ট্যানারি'র ব্যবসা কমেছে প্রায় ৮০ শতাংশ। ইউরোপের ৭-৮টি ক্রেতা তাদের ছেড়ে চলে গেছে। এতে ব্যবসা বন্ধের উপক্রম দেখে প্রতিষ্ঠানটি এখন হেমায়েতপুরে নিজেরাই ইটিপি স্থাপন করছে।

প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক মাসুদ চৌধুরী *প্রথম আলোকে* বলেন, 'প্রতি ঘণ্টায় ৫ ঘনমিটার সক্ষমতার ইটিপি স্থাপন করছি আমরা। এতে ২ কোটি টাকার বেশি বিনিয়োগ করা হয়েছে। আমাদের অবশিষ্ট বিদেশি ক্রেতা জানিয়ে দিয়েছে ২০২৬ সালের মধ্যে ইটিপি না হলে তারাও চলে যাবে। তা ছাড়া শুধু চীননির্ভর একক বাজার দিয়ে ব্যবসা করা যায় না।'

### সনদ পেলে লাভ কী

দেশে চামড়া খাতের ৮টি প্রতিষ্ঠান এখন পর্যন্ত এলডব্লিউজি সনদ পেয়েছে। সেগুলো হচ্ছে এপেক্স ফুটওয়্যার, রিফ লেদার, এবিসি লেদার, সুপারেক্স লেদার, সাফ লেদার, সিমোনা ট্যানিং, সংশিন লেদার বিডি ও অস্টান লিমিটেড। এর মধ্যে চামড়াশিল্প নগরের একমাত্র প্রতিষ্ঠান সিমোনা ট্যানিং।

চট্টগ্রামভিত্তিক রীফ লেদার ২০১৫ সালে নিজস্ব ইটিপি স্থাপন করে ২০১৯ সালে এলডব্লিউজি সনদ পায়। এটি স্থাপনে তারা বিনিয়োগ করেছে সাড়ে ৫ কোটি টাকা।

রীফ লেদারের পরিচালক মোখলেসুর রহমান বলেন, 'আমাদের নিয়মিত অর্ডার আছে। আমরা দর-কষাকষি করতে পারছি, যা ঢাকার ট্যানারিগুলো পারছে না। যে চামড়া আমরা দেড় ডলারে প্রতি বর্গফুট বিক্রি করছি, সেটি তারা চীনে ৫০-৭০ সেন্টে বিক্রি করতে বাধ্য হচ্ছে।'

### কেমন বিনিয়োগ লাগে

চামড়া কারখানা পরিবেশবান্ধব করতে ২ থেকে ৫ কোটি টাকায় নিজস্ব ইটিপি স্থাপন করতে হয়। অন্যদিকে পোশাক কারখানা পরিবেশবান্ধব করতে বিনিয়োগের দরকার হয় ৮-১০ কোটি টাকা।

ট্যানারির মালিকেরা বলছেন, পদ্ধতিগত জটিলতা, আর্থিক সক্ষমতা ও জায়গার সংকটে নিজস্ব ইটিপি স্থাপন করা সবার পক্ষে সম্ভব হবে না। বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশনের জ্যেষ্ঠ সহসভাপতি সাখাওয়াত উল্লাহ *প্রথম আলোকে* বলেন, শিল্পনগরে নিজস্ব ইটিপি স্থাপনের জায়গা ও আর্থিক সক্ষমতা সবার নেই। তাই সরকার বিদ্যমান সিইটিপির সক্ষমতা বাড়ালে দ্রুত সমস্যার সমাধান হবে। কারণ, এটা বাধ্যতামূলক। আর সনদ ছাড়া এ শিল্পের দুরবস্থা দূর হবে না।'

এদিকে পোশাক খাতে পরিবেশবান্ধব কারখানার স্বীকৃতি পেতে অতিরিক্ত ২০-২৫ শতাংশ বিনিয়োগ করতে হবে বলে জানান খাতসংশ্লিষ্ট ব্যক্তিরা। আর প্লাটিনাম মানের হতে গেলে বাড়তি পরিবেশবান্ধব খালি জায়গা রাখতে হয়। এতে ব্যয় ৪০-৫০ শতাংশ পর্যন্ত বাড়তে পারে। ফতুল্লা অ্যাপারেলস ২০২২ সালে পরিবেশবান্ধব কারখানার স্বীকৃতি পেয়েছিল। প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক ফজলে শামীম এহসান *প্রথম আলোকে* বলেন, ৫০ কোটি টাকায় একটি কারখানা স্থাপন করতে গেলে ৮-১০ কোটি টাকা ব্যয় হয় কারখানা পরিবেশবান্ধব করতে।

সার্বিক বিষয়ে জানতে চাইলে বিসিকের চেয়ারম্যান মো. সাইফুল ইসলাম *প্রথম আলোকে* বলেন, 'আমরা ৬টি প্রতিষ্ঠানকে নিজস্ব ইটিপি স্থাপনের অনুমতি দিয়েছিলাম। আরও কয়কটি প্রতিষ্ঠানকে অনুমতি দেওয়া হবে। এতে প্রায় ১২ হাজার ঘনমিটার বর্জ্য শোধনের চাপ কমবে।'

প্রথম আলো
07 AUG 2025

# চীনের হারানো ব্যবসা পাচ্ছে বাংলাদেশ

যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানি

দেশটিতে চলতি ২০২৫ সালের প্রথমার্ধে শীর্ষ ১০ দেশের মধ্যে বেশি রপ্তানি বেড়েছে বাংলাদেশের।

> সেপ্টেম্বর থেকে আগামী গ্রীষ্মের ক্রয়াদেশ আসতে শুরু করবে। তখন বোঝা যাবে বাড়তি কত ক্রয়াদেশ আসছে। তবে আমরা সুবিধাজনক অবস্থানে রয়েছি।
>
> **আরশাদ জামাল**, চেয়ারম্যান, তুসুকা গ্রুপ

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

বিভিন্ন দেশের পণ্যের ওপর যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক এখনো আনুষ্ঠানিকভাবে কার্যকর হয়নি। তবে সে দেশের বাজারে তৈরি পোশাক রপ্তানিতে পাল্টা শুল্কের ছাপ ভালোভাবেই পড়েছে। গত বছরের প্রথমার্ধের তুলনায় চলতি বছরের প্রথম ছয় মাস জানুয়ারি-জুনে যুক্তরাষ্ট্রে চীনের রপ্তানি ১১১ কোটি ডলার কমেছে। তার বিপরীতে অবশ্য ভিয়েতনামের ১১৯ ও বাংলাদেশের ৮৫ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি বেড়েছে।

চলতি বছরের প্রথমার্ধে বিভিন্ন দেশ থেকে যুক্তরাষ্ট্রের বাজারে ৩৮ বিলিয়ন বা ৩ হাজার ৮০০ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়, যা গত বছরের একই সময়ের তুলনায় ৬ দশমিক ৭৬ শতাংশ বেশি। গত জানুয়ারি থেকে জুন পর্যন্ত ছয় মাসে তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশের প্রবৃদ্ধি হয়েছিল ২৫ শতাংশ, যা শীর্ষ ১০ দেশের মধ্যে সর্বোচ্চ।

একাধিক তৈরি পোশাক রপ্তানিকারক *প্রথম আলোকে* বলেন, চীনের হারানো ক্রয়াদেশ বাংলাদেশে আসছে। ৬-৮ মাস ধরে তারই প্রতিফলন দেখা যাচ্ছে। পাল্টা শুল্কের কারণে সামনের মৌসুম থেকে আরও বাড়তি ক্রয়াদেশ আসতে পারে। কারণ, প্রতিযোগী দেশগুলোর তুলনায় সুবিধাজনক অবস্থায় রয়েছে বাংলাদেশ।

গত ৩১ জুলাই যুক্তরাষ্ট্র প্রশাসন বিভিন্ন দেশের পণ্য আমদানির ওপর সংশোধিত পাল্টা শুল্কহার ঘোষণা করে। আজ বৃহস্পতিবার নতুন শুল্কহার কার্যকর হবে। সংশোধিত হার অনুযায়ী বাংলাদেশ ও ভিয়েতনামের পণ্যে ২০ শতাংশ পাল্টা শুল্ক বসবে। ভারতীয় পণ্যের ক্ষেত্রে হারটি হবে ২৫ শতাংশ। যদিও রাশিয়ার জ্বালানি তেল কেনার কারণে গতকাল বুধবার অতিরিক্ত ২৫ শতাংশ শুল্ক আরোপ করেছেন ট্রাম্প। তার মানে ভারতের পণ্যে শুল্ক বেড়ে দাঁড়াল ৫০ শতাংশ। আর ইন্দোনেশিয়া, কম্বোডিয়া ও পাকিস্তানের পাল্টা শুল্কের হার ১৯ শতাংশ। শুল্ক নিয়ে চীনের সঙ্গে যুক্তরাষ্ট্রের আলোচনা চলমান রয়েছে। এখন পর্যন্ত চীনের পণ্যে পাল্টা শুল্ক ৩০ শতাংশ।

ইউএস ডিপার্টমেন্ট অব কমার্সের আওতাধীন অফিস অব টেক্সটাইল অ্যান্ড অ্যাপারেলের (অটেক্সা) হালনাগাদ পরিসংখ্যান অনুযায়ী, চলতি বছরের প্রথম ছয় মাসে (জানুয়ারি-জুন) বাংলাদেশ ৪২৫ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। এই রপ্তানি গত বছরের একই সময়ের ৩৪০ কোটি ডলারের রপ্তানির চেয়ে ২৫ দশমিক ১৩ শতাংশ বেশি।

রপ্তানি বৃদ্ধির পাশাপাশি যুক্তরাষ্ট্রের বাজারে তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশের হিস্যাও বেড়েছে। গত বছর বাংলাদেশ ৭৩৪ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে। সে সময় পোশাক রপ্তানিতে বাংলাদেশের হিস্যা ছিল ৯ দশমিক ২৬ শতাংশ। এ বছরের জুনের শেষে সেটি বেড়ে হয়েছে ১০ শতাংশ।

একাধিক উদ্যোক্তা *প্রথম আলোকে* জানান, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রথম মেয়াদে চীনের সঙ্গে বাণিজ্যযুদ্ধে জড়িয়েছিলেন। তখন থেকেই চীন থেকে অল্প অল্প করে ক্রয়াদেশ সরছিল। গত বছর নির্বাচনী প্রচারণায় চীনের ওপর বাড়তি শুল্ক আরোপের ঘোষণা দেন তিনি। তখন থেকেই যুক্তরাষ্ট্রের অনেক ক্রেতা প্রতিষ্ঠান বাংলাদেশে বাড়তি ক্রয়াদেশ দেওয়া শুরু করে। সে জন্য বাংলাদেশের পোশাক রপ্তানি বাড়তে থাকে।

জানতে চাইলে তুসুকা গ্রুপের চেয়ারম্যান আরশাদ জামাল *প্রথম আলোকে* বলেন, 'সেপ্টেম্বর থেকে আগামী গ্রীষ্মের ক্রয়াদেশ আসতে শুরু করবে। তখন বোঝা যাবে বাড়তি কত ক্রয়াদেশ আসছে। তবে আমরা সুবিধাজনক অবস্থানে রয়েছি। মার্কিন ক্রেতাদের পাশাপাশি ইউরোপীয় ক্রেতা প্রতিষ্ঠানগুলোর ক্রয়াদেশও বাড়বে। তার কারণ, ইউরোপীয় অনেক ক্রেতার ১০-১৫ শতাংশ ব্যবসা রয়েছে যুক্তরাষ্ট্রে।' তিনি আরও বলেন, 'যুক্তরাষ্ট্রের তুলা ব্যবহার করতে পারলে আমরা পাল্টা শুল্ক কিছুটা কমাতে পারব। ফলে বর্তমান শুল্ককাঠামো অপরিবর্তিত থাকলে আমাদের ব্যবসার জন্য ভালো সুযোগ তৈরি হবে।'

এদিকে যুক্তরাষ্ট্রের বাজারে চীনকে ছাড়িয়ে বেশ উঁচুতে উঠে গেছে ভিয়েতনাম। চলতি বছরের প্রথমার্ধে ভিয়েতনাম ৭৭৭ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে। এই রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় প্রায় ১৮ শতাংশ বেশি। এখন যুক্তরাষ্ট্রে তৈরি পোশাক রপ্তানিতে দেশটির বাজার হিস্যা ১৯ দশমিক ৭৯ শতাংশ।

চলতি বছরের প্রথম ছয় মাসে ভিয়েতনামের চেয়ে চীনের তৈরি পোশাক রপ্তানি ২০৪ কোটি ডলার কম। এ সময়ে চীন রপ্তানি করেছে ৫৭৩ কোটি ডলারের তৈরি পোশাক। এই রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ১৬ শতাংশ কম। তাদের বাজার হিস্যাও কমে ১৮ দশমিক ৮৮ শতাংশে নেমেছে।

অটেক্সার তথ্যানুযায়ী, চলতি বছরের প্রথম ছয় মাসে ভারত ২৮৪ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে। এই রপ্তানি গত বছরের প্রথমার্ধের তুলনায় ১৬ শতাংশ বেশি। অন্যদিকে ইন্দোনেশিয়া গত জানুয়ারি-জুন সময়ে রপ্তানি করেছে ২২৬ কোটি ডলারের তৈরি পোশাক। তাদের প্রবৃদ্ধি ১৮ শতাংশ।

জানতে চাইলে নিট পোশাকশিল্প মালিকদের সংগঠন বিকেএমইএর সভাপতি মোহাম্মদ হাতেম *প্রথম আলোকে* বলেন, পাল্টা শুল্কের কারণে চীন থেকে ক্রয়াদেশ সরবে। দেশটি থেকে বেশি মূল্যের যেসব পোশাক সরবে, তার বড় অংশ পাবে ভিয়েতনাম। তবে স্থানান্তরিত হওয়া কম মূল্যের পোশাকের অধিকাংশ বাংলাদেশ ও ভারতে আসবে। এ ক্ষেত্রে অবশ্য বাংলাদেশ সুবিধাজনক অবস্থায় রয়েছে।

মোহাম্মদ হাতেম আরও বলেন, 'পাল্টা শুল্ক নিয়ে প্রতিযোগী দেশগুলোর তুলনায় সুবিধাজনক অবস্থায় রয়েছে বাংলাদেশ। চলতি বছরের শুরু থেকে নতুন করে চীন থেকে ক্রয়াদেশ সরছে। তার একটি অংশ বাংলাদেশেও আসছে। আমরা আমাদের সদস্যদের মার্কিন ক্রেতাদের সঙ্গে শুল্ক ভাগাভাগি না করতে নির্দেশনা দিয়েছি।'

প্রথম আলো

0 7 AUG 2025

অভিমত : রপ্তানি খাত

# জুতা রপ্তানিতে বড় বাধা বিদ্যমান বন্ড ব্যবস্থা

**নাসির খান**, *চেয়ারম্যান, জেনিস শুজ*



নাসির খান

বাংলাদেশের সম্ভাবনাময় খাতগুলোর একটি হলো জুতা ও আনুষঙ্গিক পণ্য রপ্তানি। কিন্তু এই খাতের প্রবৃদ্ধির প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে কাস্টমস বন্ডের বিদ্যমান ব্যবস্থা। সময়সাপেক্ষ, জটিল ও দুর্নীতিগ্রস্ত এই ব্যবস্থার কারণে রপ্তানিকারকেরা মারাত্মক ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আমাদের প্রতিযোগী ভিয়েতনাম, তাইওয়ানের মতো দেশে সহজ ও স্বচ্ছ নীতিমালার মাধ্যমে রপ্তানিতে অভাবনীয় অগ্রগতি এসেছে। সেখানে আমরা এখনো প্রশাসনিক দুর্বৃত্তায়নের ফাঁদে আটকে রয়েছি।

বর্তমানে বন্ড লাইসেন্স পেতে একজন রপ্তানিকারককে ৩০টির বেশি সরকারি সংস্থা থেকে অনুমোদনের নথি সংগ্রহ করতে হয়। এরপর শুরু হয় ঘুষ-দুর্নীতির চক্র। বন্ড-সংশ্লিষ্ট প্রতিটি কার্যক্রমে যেমন ইন বন্ড বা আউট বন্ড হিসাব, ইউডি বা ইউপি (আমদানি করা কাঁচামালের হিসাব ও তা আমদানির অনুমতি) অনুমোদন, প্রাপ্যতার খতিয়ান—এসব মেলাতে গিয়ে সময়, শ্রম ও অর্থের অপচয় হয়।

এক হিসাবে দেখা যায়, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) জুতার কাঁচামাল ও সংশ্লিষ্ট অন্যান্য উপকরণের আমদানি পর্যায়ে বছরে ৫০ থেকে ৬০ কোটি টাকা আদায় করে। সেখানে এই কাস্টমস বন্ডব্যবস্থা ধরে রাখতে প্রায় সমপরিমাণ অর্থ ব্যয় করে সরকার। কাস্টমসের দীর্ঘসূত্রতার কারণে আমদানিকারক প্রতিষ্ঠানগুলো বন্দরে বছরে প্রায় ১০০ কোটি টাকা অতিরিক্ত ভাড়া বা জরিমানা দেয়। এ ছাড়া বন্ড অফিসে ঘুষ দিতে হয় প্রায় ১০০ কোটি টাকার। অর্থাৎ ঘুষ দেওয়া, জরিমানা, ডকুমেন্টারি ম্যানেজমেন্ট ও বিলম্বিত জাহাজীকরণ—সব মিলিয়ে রপ্তানিকারকদের বছরে প্রায় ১ হাজার ২০০ কোটি টাকা ক্ষতি গুনতে হয়।

বিশ্ববাজারে ফুটওয়্যার রপ্তানি করে ভিয়েতনাম এখন বছরে আয় করছে প্রায় ২৭ বিলিয়ন বা ২ হাজার ৭০০ কোটি ডলার। অথচ বাংলাদেশ ১-২ বিলিয়নের ঘরেই ঘুরপাক খাচ্ছে। আন্তর্জাতিক ব্র্যান্ডগুলো বাংলাদেশে বিনিয়োগ করতে আগ্রহী নয়। কারণ, বন্ড-সিস্টেমে লিড টাইম অত্যন্ত দীর্ঘ ও প্রশাসনিক জটিলতা সীমাহীন। অথচ ভিয়েতনামে এই খাতের ৮০ শতাংশ বিদেশি বিনিয়োগ বৈশ্বিক ব্র্যান্ডগুলোর।

এই অবস্থায় আগামী পাঁচ বছরে এ খাতের রপ্তানি ২০ বিলিয়ন ডলারে নিতে হলে আমাদের এখনই কিছু গঠনমূলক সংস্কার উদ্যোগ নেওয়া প্রয়োজন। প্রথমত, দুর্নীতিগ্রস্ত বন্ডব্যবস্থা পুরোপুরি বাদ দিতে হবে। এর বদলে অন্যান্য দেশের মতো ২০-২৫ শতাংশ মূল্য সংযোজনভিত্তিক (ভ্যালু অ্যাডেড) 'গ্রিন চ্যানেল' চালু করা যেতে পারে। এতে নির্ধারিত এইচএস কোড এবং অনুমোদিত কাঁচামালের তালিকা অনুযায়ী পণ্য আমদানির অনুমতি দেওয়া হবে। বছর শেষে আমদানি ও রপ্তানির তুলনা করলে বোঝা যাবে, কে কতটা মূল্য সংযোজন করতে পেরেছে।

দ্বিতীয়ত, ১ শতাংশ করহার চালু করা যেতে পারে। এই পদ্ধতিতে রপ্তানিকারকেরা মাত্র ১ শতাংশ শুল্ক-কর দিয়ে সহজে কাঁচামাল আমদানি করতে পারবেন। এতে সরকারের আয় বাড়বে, ঘুষও কমবে, এনবিআরের কাজও সহজ হবে; ব্যবসায়ীরাও স্বাধীনভাবে কাজ করতে পারবেন।

তৃতীয়ত, আমদানিতে লাইসেন্স (নিবন্ধন) ও সনদ নেওয়া সহজ করা প্রয়োজন। একটি প্রতিষ্ঠানকে যেন ৫-৬টির বেশি নিবন্ধন না নিতে হয়, আর সেগুলোর মেয়াদ যেন প্রতিষ্ঠান চালু থাকা পর্যন্তই থাকে। বারবার নবায়নের ঝামেলা থাকলে ঘুষ ও হয়রানি বাড়ে। নবায়ন পদ্ধতি তুলে দিলে দুর্নীতিও কমবে।

চতুর্থত, সহজ শর্তে রপ্তানির জন্য কাঁচামাল আমদানির সুযোগ দেওয়া হলে ছোট ব্যবসায়ী ও উদ্যোক্তারা সহজে বিদেশে পণ্য পাঠাতে পারবেন। বিশ্বে বর্তমানে ১৫০ বিলিয়ন ডলারের অনলাইন জুতার বাজার রয়েছে। সহজে কাঁচামাল আমদানির সুযোগ পেলে এই খাতে তরুণেরা অংশ নিতে পারবেন।

পঞ্চমত, বিদেশি বিনিয়োগ আনতে দরকার আধুনিক পরিবেশ। যদি দুর্নীতি না থাকে, কাজ দ্রুত হয় ও সবকিছু ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হয়, তাহলে আন্তর্জাতিক ব্র্যান্ডগুলো বাংলাদেশে বিনিয়োগ করতে আগ্রহী হবে।

শেষ কথা, বাংলাদেশে চামড়াজাত পণ্য খাতে আমাদের প্রথম প্রজন্ম দক্ষতার সঙ্গে শিল্পের গোড়াপত্তন করেছে। বর্তমানে দ্বিতীয় প্রজন্ম বিশ্বমানের জ্ঞান ও প্রযুক্তি ব্যবহার করে ব্যবসা পরিচালনা করছে। সরকারের উচিত এদের ওপর আস্থা ও বিশ্বাস রাখা। বন্ডের মতো জটিল ব্যবস্থা অব্যাহত রাখলে শুধু ফুটওয়্যার নয়, দেশের অন্য সম্ভাবনাময় খাতগুলোও ধ্বংসের পথে যাবে। ফলে এখনই এই খাতকে পুনরুজ্জীবিত করার সময়।

**লেখক :** লেদার গুডস অ্যান্ড ফুটওয়্যার এক্সপোর্টারস অ্যাসোসিয়েশনেরও সহসভাপতি